



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বন সংরক্ষকের দপ্তর
রিমস্ ইউনিট, বন অধিদপ্তর
বন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নংঃ ২২.০১.০০০০.০১৩.০৩৮.০০১.২২.১৯৭

তারিখঃ ০৬/০৬/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা/২০২৩ উপলক্ষে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।

জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৩ উপলক্ষে বাংলাদেশ বন অধিদপ্তর কর্তৃক আয়োজিত শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা আগামী ১৬ জুন, শুক্রবার ২০২৩ তারিখে বনভবন, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতাটি তিনটি গ্রুপে অনুষ্ঠিত হবে।

- ক-গ্রুপঃ ৫ বছর থেকে ৮ বছর পর্যন্ত শিশুদের জন্য,
খ-গ্রুপঃ ৮ বছরের উপর থেকে ১২ বছর পর্যন্ত শিশুদের জন্য এবং
গ-গ্রুপঃ বিশেষ চাহিদা সম্পন্ন শিশু-কিশোরদের (বয়স শিথিলযোগ্য)।

প্রতিযোগিতার স্থানঃ বনভবন, আগারগাঁও, ঢাকা।

তারিখ ও সময় : ১৬ জুন ২০২৩, শুক্রবার, বিকাল ৪:০০ টা হতে ৫:০০ টা।

অংকনের বিষয় : “গাছ লাগিয়ে যত্ন করি
সুস্থ প্রজন্মের দেশ গড়ি”

এ প্রতিযোগিতায় তিনটি গ্রুপে ৪ (চার) জন করে মোট ১২ (বার) জন শিশুকে পুরস্কার দেয়া হবে। যারা চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের প্রতিযোগিতার দিন বয়সের সনদপত্র অথবা শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র সংগে আনতে হবে। প্রতিযোগীদের আয়োজক সংস্থা হতে শুধুমাত্র আর্টপেপার (১৬" X ১১") সরবরাহ করা হবে। রং, তুলি, পেন্সিল, ড্রইং বোর্ড ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী প্রতিযোগীদের সংগে আনতে হবে।

উক্ত চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়টি আপনার প্রতিষ্ঠানের আগ্রহী শিশু ও অভিভাবকদের জানাতে অনুরোধ করা হলো।

প্রাপকঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/পরিচালক

স্বাক্ষর: ম্যারব বেস্টারী শূন্য
বানছাড়া, ঢাকা

স্বাক্ষরিত

(মোঃ জহির ইকবাল)

সদস্য সচিব

চিত্রাংকন প্রতিযোগিতা উপ কমিটি ও

উপ বন সংরক্ষক, রিমস্ ইউনিট

বন ভবন, আগারগাঁও, ঢাকা।

ফোনঃ ৫৫০০৭১৪৬